দৈনিক ইনকিলাব

NOV. 25 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

### শাবিতে ছাত্রদল ৩ ধারায় বিভক্ত

# ভিসি'র পদত্যাগের দাবীতে এক গ্রুপ আজ অবস্থান কর্মসূচী পালন করবে

**শাবি সংবাদদাতা ঃ** সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩ ধারায় বিভক্ত হয়ে পড়েছে জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মকাণ্ড। আধিপত্য বিস্তার নিয়ে এসব গ্রুপের পাল্টাপাল্টি কর্মসূচীতে বিভ্রান্ত হচ্ছে দলের সাধারণ কর্মী-সমর্থকরা। ৪ দলীয় জোট সরকার গঠন করার পর শাবি ছাত্রদলের যে চাঙ্গাভাব ছিল, আভ্যন্তরীণ দ্বন্দ্ব-সংঘাতে এখন তা আর নেই। দলের ইমেজকে কাজে লাগিয়ে কিছুসংখ্যক নেতা-কর্মী চাঁদাবাজিসহ নানা কর্মকাণ্ডে জড়িয়ে পড়ায় মারাত্মকভাবে ক্ষুণ্ন হচ্ছে দলের ভাবমূর্তি। ২০০১-২০০২ সেশনের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় ফরম কিনতে আসা ব্যক্তিদের কাছ থেকেও ভয়-ভীতি দেখিয়ে ছাত্রদলের নামধারী কিছু ছাত্র মোটা অংকের টাকা হাতিয়ে নিচ্ছে এমন অভিযোগ পাওয়া গেছে। ইতিপূর্বে ছাত্রদল পরিচয় দিয়ে একদল ছাত্র চাঁদাবাজি করতে গেলে বিশ্ববিদ্যালয়ের ৫টি উন্নয়ন প্রকল্পের কাজ বন্ধ হয়ে যায়।

এদিকে ছাত্রদলের এক গ্রুপ ভিসি প্রফেসর ডঃ সালেহ উদ্দিনের পদত্যাগ দাবী করে গতকাল (শনিবার) হলে ও ক্যাম্পাসে পোস্টারিং করেছে। আজ (রবিবার) দুপুর ১২টা ২৫ মিনিটে ভিসি'র পদত্যাগের দাবীতে তারা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচী পালন করবে বলে ঘোষণা দিয়েছে।